




পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়।

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, হাজী রোড, মিরপুর, ঢাকা-১২১৬।



ক্রয় ও সহায়ক সেবা বিভাগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০০৪.০৬.০৯২.০১-২৪

তারিখঃ ০১-০১-২০১৯

পিডিবিএফ এর ২০১৮-১৯ ও ২০১৯-২০ দুই অর্থবছরের জন্য তালিকাভুক্তির সময় বৃদ্ধি করণ বিজ্ঞপ্তি

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ২০১৮-১৯ ও ২০১৯-২০ দুই অর্থবছরের জন্য মালামাল ক্রয়/ সেবা ক্রয়ের জন্য বিগত ০১-১১-২০১৮ তারিখে “দৈনিক ইত্তেফাক” পত্রিকায় তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এ আলোকে ০৬টি গ্রুপে তালিকাভুক্ত হওয়ার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান আবেদন করে। আবেদন পত্র যাচাই বাছাই ও মূল্যায়নের জন্য বিগত ২৬-১২-২০১৮ তারিখে কেন্দ্রীয় ক্রয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক তালিকাভুক্তির কাজটি সম্পন্ন করার জন্য ৩১-০১-২০১৯ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়। নিম্নলিখিত শর্তসাপেক্ষে পিডিবিএফ এর তালিকাভুক্ত হওয়ার জন্য ০৬টি গ্রুপেই পুনরায় দরপত্র আহ্বান করা যাচ্ছে।


০১। তালিকাভুক্তির জন্য ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

০২। যারা নতুন করে আবেদন করতে আগ্রহী তারা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাড-এ তালিকাভুক্তির জন্য আবেদন করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে পিডিবিএফ এর নির্ধারিত তালিকাভুক্তি আবেদন ফরম (পরিশিষ্ট-গ) ও তালিকাভুক্তি ফরম (পরিশিষ্ট-ঘ) এবং শর্তাবলীর সিডিউল নগদ ১০০/- (একশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ৩০-০১-২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পিডিবিএফ এর হিসাব শাখা হতে ক্রয় করা যাবে।

০৪। আগামী ৩১-০১-২০১৯ তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে আবেদন পত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ (সিডিউলের শর্তানুযায়ী) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা এর ২য় তলায় সংরক্ষিত টেন্ডার বাক্সে জমা করতে হবে।

০৫। কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



(মোঃ শাহাদত হোসেন)

যুগ্ম পরিচালক, ক্রয় ও সহায়ক সেবা

ও

সদস্য সচিব, কেন্দ্রীয় ক্রয় কমিটি।

অনুলিপি :-

০১। পরিচালক, অর্থ, পিডিবিএফ, প্রধান কার্যালয়।

০২। পরিচালক (ভারঃ), মাঠ পরিচালনা/ মানব সম্পদ, পিডিবিএফ, প্রধান কার্যালয়।

০৩। অতিরিক্ত পরিচালক, মানব সম্পদ উন্নয়ন, পিডিবিএফ, প্রধান কার্যালয়।

০৪। যুগ্ম পরিচালক, মানব সম্পদ ব্যবস্থাপনা/ অর্থ/ মাঠ পরিচালনা, পিডিবিএফ, প্রধান কার্যালয়।

০৫। এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রধান কার্যালয়।

০৬। সংশ্লিষ্ট নথি।